



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(উন্নয়ন-৩ শাখা)
www.shed.gov.bd



স্মারক নং: ৩৭.০০.০০০০.০৮৩.১১.০৮৪.১৭-২১৪

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০৮/১২/২০২০ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.১০৯.১১.০০২.২০২০ (অংশ-১)-১৬৩ নং স্মারকের সুপারিশের আলোকে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) বেতনক্রমে এবং প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে নিম্নোক্ত ৭৭ (সাতাত্তর) জন প্রার্থীকে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (পুর) পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে পদায়ন করা হলো:

- তাকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;
- তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনূর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা ও প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে যেতে হবে;
- প্রচলিত বিধি-বিধান অনুযায়ী চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অজ্ঞিকারাবদ্ধ হয়ে থাকেন তাহলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- The Government Servants (Conduct) Rules-1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্বাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে দাখিল করতে হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না;

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে প্রার্থীগণকে ০৭ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/ ২২ আগস্ট ২০২১ খ্রি. হতে ১১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/ ২৬ আগস্ট ২০২১ খ্রি. তারিখের মধ্যে পদায়িত কার্যালয়ের দপ্তর প্রধানের নিকট সশরীরে উপস্থিত হয়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

ক্র.নং	মেধাক্রম	রেজি. নং	কর্মকর্তার নাম	নিজ জেলা	পদায়নকৃত পদ ও কর্মস্থল
১.	১.	৪০৭৫৮১	জনাব এস.এম সাইদুজ্জামান সোহাগ	খুলনা	সহকারী প্রকৌশলী (পুর) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুষ্টিয়া
২.	২.	০২৩২৫৫	জনাব মো: খালিদ হোসেন	খুলনা	সহকারী প্রকৌশলী (পুর) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, যশোর
৩.	৩.	০৫০৫৮১	জনাব ইকতিয়ার আহমেদ	কুমিল্লা	সহকারী প্রকৌশলী (পুর) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, লক্ষ্মীপুর
৪.	৪.	০৮৬৪৮২	জনাব মো: রাশেদ আল নোমান	টাঙ্গাইল	সহকারী প্রকৌশলী (পুর) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মানিকগঞ্জ
৫.	৫.	০৪৭৬৫২	জনাব উত্তম পাল	চট্টগ্রাম	সহকারী প্রকৌশলী (পুর) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাঙ্গামাটি

(Handwritten signature)